

কৃষি বিপণন অধিদপ্তরের কার্যাবলীঃ

- সকল কৃষিপণ্যের পাইকারী ও খুচরা বাজার দর, সরবরাহ, চলাচল ও মজুদের তথ্য দৈনিক ও সাপ্তাহিক ভিত্তিতে সংগ্রহ করা এবং বুলেটিনের মাধ্যমে তা বেতার ও দৈনিক পত্রিকায় সংশ্লিষ্ট সকলের জন্য প্রচার করা।
- কৃষিপণ্যের বাজার দর নিয়মিতভাবে মনিটর করা এবং বাজার দরের হ্রাস-বৃদ্ধির কারণ চিহ্নিত করে তা স্থিতিশীল করার জন্য সরকারকে পরামর্শ প্রদান করা।
- ব্যবসায়ী এবং পরিবহন সংস্থার সহযোগিতায় কৃষিপণ্য বিশেষ করে ঐচনশীল কৃষিপণ্য উদ্ভূত এলাকা হতে ঘাটতি এলাকায় প্রেরণের জন্য কৃষক দলকে সংঘটিত করা।
- কৃষকদের উৎপাদিত পণ্য নতুন/নিবিড় উৎপাদন এলাকায় পরিবহন এবং বিক্রয়ের জন্য সংগঠিত করা।
- ১৯৬৪ সালের (সংশোধিত ১৯৮৫) কৃষিপণ্য বাজার নিয়ন্ত্রণ আইনের যথাযথ প্রয়োগ।
- কৃষিপণ্যের সুষ্ঠু বিপণনের জন্য বিপণন ব্যয়, লভ্যাংশ ইত্যাদি বিষয়ে গবেষণা/সমীক্ষা পরিচালনার মাধ্যমে বিপণন সমস্যা চিহ্নিত করা এবং বিপণন ব্যবস্থার উন্নয়নে কৃষক ও ব্যবসায়ীদের পরামর্শ প্রদান।
- দেশের গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের পাইকারী বাজারসমূহে পর্যাপ্ত আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণ করা।
- কৃষিপণ্যের উৎপাদন ব্যয় নির্ণয় পূর্বক প্রধান-প্রধান কৃষিপণ্যের সংগ্রহ মূল্য নির্ধারণে সরকারকে সহায়তা প্রদান।
- অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজারের চাহিদা মোতাবেক বহুমুহী কৃষিপণ্য উৎপাদন, চাহিদা ও যোগানের প্রক্ষেপণ নিরূপণ, ফসলের মূল্যের পূর্বাভাস প্রদান, গুরুত্বপূর্ণ ফসলের চাহিদা নিরূপণ ও এর সম্ভাব্য বাজার মূল্য প্রক্ষেপণ করা।
- কৃষিপণ্যের আন্তর্জাতিক বাজারদর পরিবীক্ষণ পূর্বক আমদানী ও রপ্তানী নীতি প্রণয়নে সরকারকে সহায়তা প্রদান।
- কৃষি ব্যবসা ও কৃষি ভিত্তিক শিল্প স্থাপনের মাধ্যমে কৃষি ও কৃষিজাত পণ্যের রপ্তানী বৃদ্ধিতে সহায়তা করা।
- কৃষক বিপণন গ্রুপ/দল গঠন এবং উৎপাদক ও বিক্রেতার সাথে ভোক্তার সংযোগ স্থাপনে সহায়তা প্রদান।
- মৌসুমে স্বল্পমূল্যে কৃষিপণ্য বিক্রয়ের মাধ্যমে কৃষকরা যাতে ক্ষতির সন্মুখীন না হন সে লক্ষ্যে শস্য গুদাম ঋণ কার্যক্রম অব্যাহত রাখা এবং পর্যায়ক্রমে সারাদেশে তা সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা।
- কৃষক ও ব্যবসায়ীদের কৃষিপণ্যের গ্রেডিং, সার্টিং, প্যাকেজিং, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান এবং ঋণ ও বিপণন সহায়তা প্রদানের মাধ্যমে কৃষিপণ্যের মূল্যসংযোজন কার্যক্রমে সহায়তা প্রদান।
- কৃষিপণ্যের মান উন্নয়ন, প্রমিতকরণ ও গ্রেডিং কার্যক্রমের মাধ্যমে অভ্যন্তরীণ বিপণন ব্যবস্থার উন্নয়ন করা।